

ঢাকা ওয়াসা

বিষয় : ওয়াসা ভবনের বিভিন্ন তলায় রক্ষিত ভাঙ্গা আসবাবপত্র, অপ্রয়োজনীয় মালামাল(MRS) এর মাধ্যমে পাগলা ভাঙারে প্রেরণ এবং বেইজমেন্টের আবর্জনা অপসারণ প্রসঙ্গে।

নির্দেশক্রমে নথি উপস্থাপন করা হলো।

- ০১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়াসা ভবনের বিভিন্ন তলায় কাঠ ও স্টীলের পুরাতন অকেজো আসবাবপত্র ও মালামাল বিভিন্ন জায়গায় স্তপকৃত/ফেলে রাখা হয়েছে। এছাড়াও ওয়াসা ভবনের বেইজমেন্টে বিভিন্ন প্রকার অনেক ময়লা-আবর্জনা (ভাঙ্গা কাঠের টুকরা, প্লাস্টিক সামগ্রী) যত্রতত্র ছড়িয়ে রয়েছে। বিশেষ করে ওয়াসা ভবনের ভাঙ্গা অপ্রয়োজনীয় মালামালগুলো যত্রতত্র ছড়িয়ে থাকার কারণে একদিকে যেমন ওয়াসা ভবনের সৌন্দর্য নষ্ট হচ্ছে তেমনি পুরাতন মালামালগুলো দ্রুত অপসারণ করা না হলে যে কোন সময় অগ্নিকাণ্ডের মতো বড় ধরনের দুর্ঘটনা ঘটানো সম্ভবনা রয়েছে।
- ০২। উল্লেখকৃত মালামালগুলোর মধ্যে পুরাতন কাঠ ও স্টীলের আসবাবপত্র, ফটোকপি মেশিন, পুরাতন কম্পিউটার সামগ্রী এবং মেডিক্যাল সেন্টারের পুরাতন মালামালসমূহ এমআরএস এর মাধ্যমে পাগলা ভাঙারে জমা দিতে হবে। পুরাতন মালামালগুলো ওয়াসা ভবন হতে অপসারণের জন্য মালামালের একটি তালিকা করা হয়েছে (পতাকা 'ক'), যা লেবার দ্বারা বিভিন্ন ফ্লোর হতে নিচে নামাতে হবে। পরবর্তীতে পাগলা ভাঙারে মালামাল নেয়ার জন্য ট্রাকের ব্যবস্থা করে মালামালগুলো লেবার দ্বারা লোড-করে পাগলা ভাঙারে নেয়ার পর পুনরায় আনলোড করতে হবে। এ কাজে কমপক্ষে ০৬ জন লেবার প্রয়োজন হবে এবং কাজটি সম্পন্ন করতে মোট ০২ দিন সময় লাগবে। ২দিনে মোট জন করে (৬জন×২দিন) = ১২ জন লেবার প্রয়োজন হবে। প্রতিজন লেবারের মজুরী ১২০০/-টাকা হিসাবে (১২০০×১২)=১৪,৪০০/-টাকা এবং সংশ্লিষ্ট কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের দুপুরের আপ্যায়ন ও আনুষঙ্গিক খরচের জন্য ২দিনে আরও ১০,০০০/-টাকা সহ মোট = (১৪,৪০০+১০,০০০) = ২৪,৪০০/- (চব্বিশ হাজার চারশত) টাকা ব্যয় হবে। এ ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন।
- ০৩। এমতাবস্থায়, ওয়াসা ভবন হতে উল্লেখকৃত অপ্রয়োজনীয়/অকেজো মালামালগুলো এমআরএস (MRS) এর মাধ্যমে পাগলা কেন্দ্রীয় ভাঙারে প্রেরণ করার জন্য লেবার ও আনুষঙ্গিক খরচ বাবদ মোট = ২৪,৪০০/- (চব্বিশ হাজার চারশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রয়োজন। প্রস্তাব অনুমোদিত হলে এ অর্থ উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ এর অনুকূলে অগ্রিম প্রদান করা যেতে পারে যা পরবর্তীতে মূল ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

১৮/০৫/২০২৩

মোঃ ইউছুফ আলী
অফিস সুপারিনটেন্ডেন্ট (চঃ দাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।
১৮/০৫/২০২৩
মোঃ মোরশেদুল ইসলাম
সহকারী সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ সাব্বাগীর হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

১৮/০৫/২০২৩
এম এম জাহাঙ্গীর হোসেন
সচিব
ঢাকা ওয়াসা

DMD (১৮/০৫/২০২৩)

০৪। তহবিলে নথি রাখা হয়েছে।
১৮/০৫/২০২৩
১৮/০৫/২০২৩
১৮/০৫/২০২৩